ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৫১

অমরপুর, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**দুর্গাপূজা উপলক্ষে অমরপুরে প্রস্তুতি সভা**

আসন্ন দুর্গাপূজা উপলক্ষে গত ৪ সেপ্টেম্বর মহকুমা শাসকের সভাগৃহে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। মহকুমা শাসক অনুপম চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিধায়ক রঞ্জিত দাস, বিভিন্ন ক্লাবের সদস্য, ব্যবসায়ী কমিটির সদস্য সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় মহকুমা শাসক অনুপম চক্রবর্তী জানান, ক্লাবগুলোকে নির্দিষ্ট এলাকার মধ্যেই পূজার চাঁদা সংগ্রহ করতে হবে। চাঁদার রসিদে প্রতিটি পাতায় নিজ এলাকার থানার সিল ও স্বাক্ষর থাকতে হবে। প্রতিটি পূজা কমিটিকে পূর্ত, বিদ্যুৎ ও অগ্নি নির্বাপক দপ্তরের আগাম অনুমতি নিতে হবে। সভায় বিধায়ক রঞ্জিত দাস বলেন, বামপুর বাজার থেকে নতুনবাজার পর্যন্ত এবং গ্রামীণ এলাকা থেকে শহর এলাকার যেসব রাস্তা মেরামত প্রয়োজন সেগুলি পূজার আগেই শেষ করতে হবে। শহর এলাকার পানীয়জলের ট্যাপগুলিকে সব সময় সচল রাখতে হবে। প্রতিটি পূজা মন্ডপে শিক্ষামূলক বিষয় যেমন নেশা বিরোধী, এইডস, বাল্যবিবাহ ইত্যাদি পোস্টার লাগাতে হবে। মন্ডপে পানীয়জলের ব্যবস্থা রাখতে হবে। মানুষের ইচ্ছার বিরুদ্ধে চাঁদা না আদায়ের জন্য পূজা কমিটিগুলির প্রতি তিনি আহ্বান রাখেন।

*******